# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/ঢাকা-৬৪/৪ তারিখ: ২১ পৌষ, ১৪৩২ / ০৫ জানুয়ারি, ২০২৬

বিষয় : নৈশ প্রহরী জনাব মো: ইকবাল হোসেনকে স্বপদে পুনর্বহাল করণ প্রসঙ্গে

সূত্র : ১। বোর্ডের ই-ফাইলে নং ৩৩৩২৫১০৭৮৫৩১ আইডির আবেদন;
২। বামাশিবো/প্রশা/ঢাকা-৬৪/২০৯ তারিখ: ২১.১২.২০২৫খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা জেলার সেনানিবাস উপজেলাধীন মানিকদী ইসলামিয়া আলিম মাদরাসার নৈশ প্রহরী জনাব মো: ইকবাল হোসেনকে ২৪.০৬.২০২৪ইং তারিখে মাদ্রাসার তৎকালীন সভাপতি জনাব মো: শামসুল হক খান কর্তৃক নির্যাতন করে জোর পূর্বক পদত্যাগ করিয়েছেন মর্মে নৈশ প্রহরী জনাব মো: ইকবাল হোসেন কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র চেয়ে মাদ্রাসা কর্তৃপক্ষকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের আলোকে মাদ্রাসার অধ্যক্ষ ও এডহক কমিটির সভাপতি কর্তৃক লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র জমা দেওয়া হয়েছে। মাদ্রাসা অধ্যক্ষ ও সভাপতি কর্তৃক লিখিত বক্তব্যে উল্লেখ করা হয়েছে তৎকালীন সভাপতি জনাব মো: সামসুল হক খান কর্তৃক নির্যাতন করে জোর পূর্বক নৈশ প্রহরী জনাব মো: ইকবাল হোসেনকে পদত্যাগ করান, বিষয়টি সঠিক, তিনি বৈষম্যের স্বীকার। চাকুরী হারিয়ে তিনি মানবেতর জীবন-যাপন করছেন। রাজনৈতিক পট পরিবর্তনের পর কোন উপায় না পেয়ে সরকার কর্তৃক নির্ধারিত সভাপতি এডিসি, শিক্ষা ও আইসিটি এর নিকট চাকুরী ফেরত পাওয়ার জন্য আবেদন করেন। পরবর্তীতে বর্তমান এডহক কমিটির ০৮/২৫ নং সভায় সিদ্ধান্ত হয় যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড তার চাকুরী পুনর্বহালের সুপারিশ করলে মাদ্রাসা কর্তৃপক্ষের কোন আপত্তি থাকবে না। মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক জনাব মো: ইকবাল হোসেন এর বিরুদ্ধে কোন অপরাধ আনয়ন ব্যতিরেকে নির্যাতন করে জোর পূর্বক পদত্যাগ করানো হয়েছে যা বিধিসম্মত নয় মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় পত্র জারির পর থেকে জনাব মো: ইকবাল হোসেন মানিকদী ইসলামিয়া আলিম মাদ্রাসার নৈশ প্রহরী পদে পুনরায় দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৫.১.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৫.০১.২৬

১। সভাপতি, পরিচালনা কমিটি,
মানিকদী ইসলামিয়া আলিম মাদ্রাসা;
২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
মানিকদী ইসলামিয়া আলিম মাদ্রাসা, ঢাকা সেনানিবাস, ঢাকা।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/ঢাকা-৬৪/৪ তারিখ: ২১ পৌষ, ১৪৩২ / ০৫ জানুয়ারি, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ঢাকা;
২. জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
৩. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................. শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা;
৪. জনাব মো: ইকবাল হোসেন(নৈশ প্রহরী), গ্রাম-মানিকদী, পো: ঢাকা সেনানিবাস--টিএসও, সেনানিবাস, ঢাকা;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

০৫.০১.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৫.০১.২৬